ALL INDIA RADIO

REGIONAL NEWS UNIT – SILCHAR

MORNING NEWS BULLETIN

BENGALI

17 FEBRUARY 2025 7:35 AM

===========================================================================

আসাম বিধানসভার বাজেট অধিবেশন আজ থেকে কোকড়াঝার বি টি সি পরিষদের সম্মেলন কক্ষে শুরু হচ্ছে । রাজ্যপাল লক্ষণ প্রসাদ আচার্যের ভাষণের মধ্য দিয়ে আজ বাজেট অধিবেশনের প্রথম দিনের কার্যসূচী শুরু হবে । এদিকে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা বলেছেন যে রাজ্যে শান্তি ফিরে আসা এবং রাজ্যের সব লোকেদের মধ্যে সমন্বয়ের প্রতীক হিসেবে এবার প্রথমবারের মতো গুয়াহাটীর বাইরে বাজেট অধিবেশন আরম্ভ করা হচ্ছে । অধিবেশনের বাকী কাজকর্ম গুয়াহাটীর আসাম বিধানসভা ভবনে অনুষ্ঠিত হবে । এই অধিবেশন ২৫ শে মার্চ পর্যন্ত চলবে ।

---

**সংবাদ পাঠক:**

আজ থেকে দুইদিনব্যাপী আসাম বিশ্ববিদ্যালয়ের ২২ তম সমাবর্তন অনুষ্ঠানে, উপাচার্য অধ্যাপক রাজীব মোহন পন্থের উপস্থিতিতে ৩৫ টি পুরস্কার, ৮৭টি স্বর্ণপদক সহ মোট ৬৬৫০ জনকে ডিগ্রি প্রদান করবেন, আচার্য রিটায়ার্ড এয়ার চিফ মার্শাল অরূপ রাহা। বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা-নিয়ন্ত্রক অধ্যাপক সুপ্রবীর দত্তরায় আকাশবাণী সংবাদ বিভাগকে জানিয়েছেন -

**সুপ্রবীর দত্তরায়ের বাইট:**

আজ স্নাতক কলা বিভাগ ছাড়া একজনকে ডিলিট, ৮৭ জনকে পিএইচডি সহ ৪০14 জনের ডিগ্রি প্রদান অনুষ্ঠানের মূখ্য অতিথি থাকবেন তিন সেনার চিকিৎসা বিভাগের প্রধান কভনয়ঢ়নশতশঢ় ঋনশনক্ষতর সাধনা এস নায়ার। সন্মানিত অতিথি হিসাবে থাকবেন অভক্ষ খতক্ষড়বতর (ছনঢ়ধ) ঔ ঙ গতভক্ষ।

মঙ্গলবার স্নাতক কলা বিভাগের ২৬৩৬ জনকে ডিগ্রি প্রদান অনুষ্ঠানে মূখ্য অতিথি থাকবেন অধ্যাপক অশোক পুরানিক, উঃনদয়ঢ়ভৎন ঈভক্ষনদঢ়ষক্ষ, অঐঐখজ, গৌহাটি। এদিন সন্মানিত অতিথি হিসেবে উপস্থিত থাকবেন শিলচর গঐঝ র ঈভক্ষনদঢ়ষক্ষ দিলীপ কুমার বৈদ্য।

**সংবাদ পাঠক:**

সমগ্র অনুষ্ঠানটি ইউ টিউবে সরাসরি সম্প্রচারিত হবে।

---

আসাম লোকসেবা আয়োগের অধীন সংযুক্ত প্রতিযোগীতামূলক পরীক্ষায় উত্তীর্ন ৫শ ৬৪ জন প্রার্থীকে রাজ্য সরকারের পক্ষ থেকে গতকাল নিযূক্তি পত্র প্রদান করা হয়েছে । গুয়াহাটীর শ্রীমন্ত শংকরদেব কলাক্ষেত্র প্রেক্ষাগৃহে আয়োজিত অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা প্রার্থীদের হাতে নিযূক্তি পত্র তুলে দিয়ে সব নিযুক্তিপত্র প্রাপককে বিকশিত আসাম গড়ে তোলার ক্ষেত্রে সহায়কের ভূমিকা পালন করতে আহ্বান জানান । উল্লেখ্য অজুন পুরষ্কারে সম্মানিত ধনুর্বিদ জয়ন্ত তালুকদারকে রাজ্য সরকার উপ পুলিশ সুপার হিসেবে নিযূক্তি দিয়েছে ।

গুয়াহাটীতে আগামী ২৫ ও ২৬ শে ফেব্রুয়ারী অনুষ্ঠেয়  বিনিয়োগ ও পরিকাঠামো বিষয়ক শীর্ষ সম্মেলন এডভান্টেজ আসামের দ্বিতীয় পর্বের প্রস্তুতি অব্যাহত রয়েছে । মন্ত্রী কেশব মহন্ত গতকাল সকালে খানাপারার পশু চিকিৎসা মহাবিদ্যালয়ে প্রদর্শনী উপ সমিতির আধিকারিকদের সংগে প্রদর্শনী স্থল প্ররিদর্শন করেন । মন্ত্রী শ্রী মহন্ত আর্ন্তজাতিক পর্যায়ের প্রদর্শনীর আয়োজনের সংগে জড়িত বিভিন্ন দিক পর্যবেক্ষণ  করা সহ আধিকারিক ও ইভেন্ট মেনেজমেন্ট প্রতিষ্ঠানের কার্যবাহীর সংগে প্রদর্শনী স্থলের অগ্রগতির পর্যালোচনা করেন ।

---

হাইলাকান্দি জেলার আলগাপুর থানার অর্ন্তগত চিপরসাঙ্গন গ্রামে স্বামীর হাতে নিহত গর্ভবতী স্ত্রী শিলু বেগমের হত্যার প্রতিবাদ জানিয়ে পরিবারের পক্ষ থেকে দাবী জানানো হয়েছে । আমাদের সংবাদদাতা জানিয়েছেন যে চন্ডীপুর গ্রান্টের কাইয়ুম হোসেন মজুমদার তার স্ত্রী শিলু বেগমের উপর শারিরীক অত্যাচার করলে স্ত্রীর মৃত্যু হয় । হাইলাকান্দি পুলিশের পক্ষ থেকে জানানো হয়েছে যে অভিযুক্ত স্বামী এখনো পলাতক রয়েছে । পুলিশ পলাতক স্বামীকে আটক করার জন্য অভিযান শুরু করেছে ।

---

কাছাড় জেলা দাবা সংস্থার বার্ষিক সাধারণ সভা রবিবার দুপুরে কৃষ্ণী বিবেক সংস্কৃত সংসদ হলে অনুষ্ঠিত হয়। সভার সভাপতিত্ব করেন বিদায়ী সহ-সভাপতি বিভেন্দু দাস। নির্বাচনী কমিশনার হিসেবে নির্বাচিত হন দেবাশীষ চন্দ। আগামী তিন বছরের জন্য সর্বসম্মতিক্রমে একটি ১১ সদস্যের নতুন কমিটি নির্বাচিত হয়। বিভেন্দু দাস এবং অর্ঘদীপ দাস যথাক্রমে সভাপতি ও সম্পাদক নির্বাচিত হন। সহ-সভাপতি পদে নির্বাচিত

হন রাজদীপ দাস ও নির্মল্য চক্রবর্তী। যুগ্ম সম্পাদক ও কোষাধ্যক্ষ পদে নির্বাচিত হন অনুপ কুমার রায় ও মনোজ রায়।

ডঃ চার্বক কার্যনির্বাহী কমিটির সদস্য এবং কাছাড় জেলার পক্ষ থেকে অল আসাম দাবা সংস্থার প্রথম প্রতিনিধি নির্বাচিত হন। কার্যনির্বাহী কমিটির সভাপতি বা তার মনোনীত প্রতিনিধি দ্বিতীয় প্রতিনিধি হবেন। কার্যনির্বাহী কমিটির অন্যান্য সদস্যরা হলেন ডঃ রাজীব গুপ্ত, সমিত রায়, বসবজিত্ দে, দীপ দাস। খেলোয়াড়দের প্রতিনিধি হিসেবে নির্বাচিত হন সরম রাহুল সিং।

বার্ষিক সাধারণ সভায় বিদায়ী সম্পাদক ও কোষাধ্যক্ষ উপস্থাপিত কর্ম-প্রতিবেদন ও আর্থিক প্রতিবেদন নিয়ে আলোচনা করা হয়।

---

আসাম প্রিমিয়ার ক্লাব কাপ প্রতিযগীতার আজকের দ্বিতীয় সেমি-ফাইনালে বি সি এস খেলবে রাইজিং ইয়ং স্টার দলের বিরুদ্ধে । নেতাজী সুভাষ চন্দ্র বসু স্টেডিয়ামের মাঠে আয়োজিত প্রতিযোগীতার গতকালের খেলায় ব্লাড মাউথ ক্লাব চার উইকেটে আলগাপুরের জি এস এল দলকে পরাজিত করে ।